# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স
ই-১৩/ডি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

নং - ৩৯.১০.০০০০.১০২.১১.০০১.২৫-৪৫১ তারিখ : ০৮ মে ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)-এ নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| নং | পদের নাম, পদ-সংখ্যা, আবেদনের তারিখে বয়সসীমা, বেতন ও সুবিধাদি | ন্যূনতম অভিজ্ঞতা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | পদ : ম্যানেজিং ডিরেক্টর<br>পদ-সংখ্যা : ০১ (এক)<br>বয়সসীমা : অন্যূন ৫৫ ও অনূর্ধ্ব ৬২ বছর<br>বেতন ও সুবিধাদি : মাসিক মূল বেতন ২,১০,০০০/- টাকা ও কোম্পানীর অন্যান্য সুবিধাদি | সিনিয়র ম্যানেজমেন্ট পজিশনে (অর্থাৎ ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহি পরিচালক, চীফ সুপারিনটেনডেন্ট, চীফ ইঞ্জিনিয়ার, এডিশনাল চীফ ইঞ্জিনিয়ার বা সমমানের পজিশনে) ন্যূনতম ১ (এক) বছরের অভিজ্ঞতাসহ নিউক্লিয়ার আর এন্ড ডি অর্গানাইজেশনে বা পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে অথবা কম্বাইন্ড সাইকেল / স্টীম টারবাইন পাওয়ার প্ল্যান্টে ন্যূনতম ২৫ (পঁচিশ) বছরের অভিজ্ঞতা | ✓ সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত যে-কোন বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং / ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং / ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং / নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ফিজিক্স / এ্যাপ্লাইড ফিজিক্স / এ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স / কেমিস্ট্রি / এ্যাপ্লাইড কেমিস্ট্রি / কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং / এ্যাপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং / নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে এমএসসি বা ৪ (চার) বছরের বিএসসি ডিগ্রী<br>✓ যে-কোনো পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ অথবা ৪.০০ এর মধ্যে ২.৫০ [তবে সনাতন ফলাফল পদ্ধতির অধীন উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ বা শ্রেণি]<br>✓ মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা<br>✓ ইউনিকোড টাইপিংসহ কম্পিউটার চালনা এবং অনলাইন সিস্টেমে অভ্যস্ততা |
| ২ | পদ : স্টেশন ডিরেক্টর<br>পদ-সংখ্যা : ০১ (এক)<br>বয়সসীমা : অনূর্ধ্ব ৫৭ বছর<br>বেতন ও সুবিধাদি : মাসিক মূল বেতন ১,৭৮,৮০০/- টাকা ও কোম্পানীর অন্যান্য সুবিধাদি | চীফ সুপারিনটেনডেন্ট, চীফ ইঞ্জিনিয়ার, এডিশনাল চীফ ইঞ্জিনিয়ার বা সমমানের পজিশনে ন্যূনতম ১ (এক) বছরের অভিজ্ঞতাসহ নিউক্লিয়ার আর এন্ড ডি অর্গানাইজেশনে বা পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে অথবা কম্বাইন্ড সাইকেল / স্টীম টারবাইন পাওয়ার প্ল্যান্টে ন্যূনতম ২১ (একুশ) বছরের অভিজ্ঞতা | |
| ৩ | পদ : চীফ সুপারিনটেনডেন্ট<br>পদ-সংখ্যা : ০১ (এক)<br>বয়সসীমা : অনূর্ধ্ব ৫৫ বছর<br>বেতন ও সুবিধাদি : মাসিক মূল বেতন ১,৪৬,৪০০/- টাকা ও কোম্পানীর অন্যান্য সুবিধাদি | সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার বা সমমানের পজিশনে ন্যূনতম ৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ নিউক্লিয়ার আর এন্ড ডি অর্গানাইজেশনে বা পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে অথবা কম্বাইন্ড সাইকেল / স্টীম টারবাইন পাওয়ার প্ল্যান্টে ন্যূনতম ১৮ (আঠার) বছরের অভিজ্ঞতা | |
| ৪ | পদ : ডেপুটি চীফ সুপারিনটেনডেন্ট<br>পদ-সংখ্যা : ০১ (এক)<br>বয়সসীমা : অনূর্ধ্ব ৪৮ বছর<br>বেতন ও সুবিধাদি : মাসিক মূল বেতন ১,২৬,০০০/- টাকা ও কোম্পানীর অন্যান্য সুবিধাদি | এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার বা ব্যবস্থাপক বা সমমানের বা উচ্চতর পজিশনে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ নিউক্লিয়ার আর এন্ড ডি অর্গানাইজেশনে বা পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে অথবা কম্বাইন্ড সাইকেল / স্টীম টারবাইন পাওয়ার প্ল্যান্টে ন্যূনতম ১৬ (ষোল) বছরের অভিজ্ঞতা | |

**অন্যান্য শর্তাবলি :**

১. চুক্তির মেয়াদ হবে ৩ (তিন) বছর; তবে পারফরম্যান্স কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ যে-কোন সময় চাকুরির অবসান (Termination) করতে পারবে। কোম্পানীর প্রয়োজন থাকলে এবং পারফরম্যান্স কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তি নবায়ন করা হতে পারে।

২. কর্মস্থল এনপিসিবিএল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৩. এনপিসিবিএল-এর চাকুরিতে যোগদানের সময় যোগদানকারীকে এ মর্মে অঙ্গীকার নামা (surety bond) দাখিল করতে হবে যে, তিনি তার পদের বিপরীতে কোন প্রশিক্ষণ গ্রহণ করার পর চুক্তির মেয়াদ পূর্তির পূর্বে স্বেচ্ছায় চাকুরি ত্যাগ করলে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যে-কোন কর্তৃপক্ষ কর্তৃক তার প্রশিক্ষণ বাবদ ব্যয়কৃত সমুদয় অর্থ এনপিসিবিএল-এর অনুকূলে পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৪. এনপিসিবিএল-এর চাকুরিতে যোগদানের সময় যোগদানকারীকে গোপনীয়তা এবং নিরাপত্তা সংক্রান্ত একটি ঘোষণাপত্র দাখিল করতে হবে; এবং ঘোষণা মোতাবেক যোগদানকারীকে কোম্পানি বা রাষ্ট্রের বা সরকারের বা কোনো এনপিপির নিরাপত্তার জন্য ক্ষতিকর বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোনো ক্ষতিপূরণ ছাড়াই চাকুরির অবসানসহ যেকোন আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**আবেদন ও নির্বাচন পদ্ধতি :**

১. আগ্রহী প্রার্থীকে "**Online Application Form**" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্যসহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ২০ মে ২০২৫ তারিখ থেকে ০৪ জুন ২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। http://npcbl.teletalk.com.bd ঠিকানায় "Online Application Form" পাওয়া যাবে।

২. লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৩. কোন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় "আবেদনের বিষয়ে নিয়োগকর্তা কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্র (NOC)" প্রদর্শন করতে হবে।

৪. বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ (Equivalence Certificate) প্রদর্শন করতে হবে।

৫. যে-কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৬. এনপিসিবিএল কর্তৃপক্ষ কোন ধরণের কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যে-কোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন : www.rooppurnpp.gov.bd অথবা http://npcbl.portal.gov.bd

কোম্পানী সেক্রেটারী